গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.০৬.০১৩.১৬-০৪ তারিখঃ ১২/০১/২০১৭খ্রিঃ

বিষয়: ২৯/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্য বিবরণী।

সভাপতি : জনাব চিত্ত রঞ্জন বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
তারিখ : ২৯ ডিসেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ
রোজ : বৃহস্পতিবার
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : কক্ষ নং- ৩০১, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২। সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম তুলে ধরার জন্য সিস্টেম এনালিস্টকে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিষ্ট সভার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভাপতি আলোচ্য বিষয়ের উপর সকল সদস্যকে মতামত দেয়ার জন্য আহবান জানান। সভায় বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলোঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | মেন্টরদের তালিকা প্রণয়ন ও এটুআই-এ প্রেরণ; | ইতোমধ্যে মেন্টরদের তালিকা প্রণয়ন করে এটুআই এবং মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রেরণ করা হয়েছে। তাই আলোচ্য বিষয়টি কার্যতালিকা থেকে বাদ দেয়া যায়। | আলোচ্য বিষয়টি কার্যতালিকা থেকে বাদ দেয়া হলো। | ইনোভেশন টিম |
| ২। | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলা; | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলার বিষয়ে মাঠ পর্যায়ে ০৪/১২/২০১৬খ্রিঃ তারিখে পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম/বরিশাল/সিলেট ও রংপুরের তথ্য পাওয়া গেছে। এ সম্পর্কিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলার বিষয়ে অগ্রগতির তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ইনোভেশন টিম |
| ৩। | পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ; | পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। সকল কর্মকর্তা নিজ ফেসবুক পেজ/ ফেসবুকে একাউন্ট খুলবে এবং পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ করার বিষয়ে মাঠ পর্যায়ে এখনো পত্র প্রেরণ করা হয়নি।মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | সকল কর্মকর্তা নিজ ফেসবুক পেজ/ ফেসবুকে একাউন্ট খুলে পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ করার বিষয়ে মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| ৪। | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার আপলোড করা; | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণারে খাদ্য অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করা আলোচ্য বিষয়টি কার্যতালিকা থেকে বাদ দেয়া যায়। | আলোচ্য বিষয়টি কার্যতালিকা থেকে বাদ দেয়া হলো। | ইনোভেশন টিম |
| ৫। | সেবা পদ্ধতির সহজিকরণ-সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রকাশ; | এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আহবান করা প্রয়োজন। পরিচালক (প্রশাসন/সববি/হিসাব ও অর্থ) বিভাগ সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করতে হবে। | মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আহবান করতে হবে। | ইনোভেশন টিম |
| ৬। | ইনোভেশন টিম পূর্ণগঠন | খাদ্য অধিদপ্তরের ইনোভেশন টিম এর সদস্য জনাব মোঃ কাওছারুল ইসলাম সিকদার, উপ-পরিচালক (তদন্ত ও মামলা) মাস্টার্স কোর্সে অংশ গ্রহণের জন্য দেশের বাইরে আছেন। এমতাবস্থায়, ইনোভেশন টিম পুনর্গঠন করা প্রয়োজন। জনাব মোহাম্মদ তানভীর হোসেন, উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগকে ইনোভেশন টিমের সদস্য করা যেতে পারে। | জনাব মোহাম্মদ তানভীর হোসেন, উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগকে ইনোভেশন টিম পুণর্গঠন করতে হবে। | ইনোভেশন টিম |
| ৭। | বিবিধ। | (ক)'জয়িতাদের সহায়তা প্রদানে ডিলার নিয়োগের ব্যবস্থা গ্রহণকল্পে খাদ্যবান্ধব এবং ওএমএস নীতিমালায় পরিবর্তন আনার বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রেরণের জন্য সববি বিভাগকে এখনও পত্র দেয়া হয়নি বিধায় পুনরায় পত্রের মাধ্যমে অগ্রগতি জানার বিষয়ে আলোচনা হয়। | (ক)'জয়িতাদের সহায়তা প্রদানে ডিলার নিয়োগের ব্যবস্থা গ্রহণকল্পে খাদ্যবান্ধব এবং ওএমএস নীতিমালায় পরিবর্তন আনার বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রেরণের জন্য সববি বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | | (খ) বেসরকারী ব্যক্তিদের চাহিদানুযায়ী খাদ্যদ্রব্যের মান পরীক্ষার উপরে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য পরিচালক পউকা বিভাগকে পত্র দেয়া হয়। এখন পর্যন্ত পউকা বিভাগ কোন উদ্যোগ গ্রহণ করেছেন কিনা সে বিষয়টি জানা যায়নি। এ বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পউকা বিভাগকে এখনও পত্র দেয়া হয়নি বিধায় পুনরায় পত্রের মাধ্যমে অগ্রগতি জানার বিষয়ে আলোচনা হয়। | (খ)বেসরকারী ব্যক্তিদের চাহিদানুযায়ী খাদ্যদ্রব্যের মান পরীক্ষার উপরে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের অগ্রগতি জানানোর জন্য পউকা বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (গ) ইনোভেশন কাজের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রণোদনা দেয়ার কার্যক্রম চলমান রয়েছে। | (গ) জনাব মোঃ সালাউদ্দিন আহমেদ, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়নগঞ্জ, জনাব কাজী সাইফুদ্দিন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, জনাব মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী সদর, পটুয়াখালীকে মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরের প্রশংসাপত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | | (ঘ) অডিট কার্যক্রমের নথি আর্কাইভিং এর বিষয়ে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগকে ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে। এ অগ্রগতি বিষয়ে আলোচনায় অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ জানিয়েছেন যে, ইতোমধ্যে এ সম্পর্কিত কার্যক্রম শুরু করা হয়েছে। | (ঘ) অডিট সংক্রান্ত নথি আর্কাইভিং এর অগ্রগতি অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | অভ্যন্তরীণ নিরীক্ষা |
| | | (ঙ) ইনোভেশন টিমের সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া নিয়ে কাজ করার বিষয়ে সিদ্ধান্ত হলেও কোন সদস্য এখনও কোন ইনোভেটিভ আইডিয়া সভায় উপস্থাপন করেননি। সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া তৈরী করে সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | (ঙ) ইনোভেশন টিমের সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া উপস্থাপন করে কার্যক্রম গ্রহণ করবেন। | ইনোভেশন টিমের সদস্য |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(চিত্ত রঞ্জন বেপারী)
পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৫০২৭৬
dmss@dgfood.gov.bd

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে-

১। জনাব চিত্ত রঞ্জন বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ ও ইনোভেশন অফিসার।
২। জনাব মোঃ রায়হানুল কবীর, অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও সদস্য।
৩। জনাব মোঃ সেলিমুল আজম, উপ-পরিচালক, বানিজ্যিক হিসাব নিরীক্ষা শাখা।
৪। জনাব মোঃ আমিনুল এহ্‌সান, উপ-পরিচালক (সংগ্রহ), প্রশাসন বিভাগ ও সদস্য।
৫। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট ও সদস্য সচিব।

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.০৬.০১৩.১৬-০৪ তারিখঃ ১২/০১/২০১৭খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তেজগাঁও, ঢাকা।
৩। যুগ্ম সচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয় ও প্রধান ইনোভেশন অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস কপি।
৬। মাস্টার কপি।

১২/০১/১৭
সিস্টেম এনালিস্ট
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট